# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
কৃষি ও পল্লী ঋণ বিভাগ
www.krishibank.org.bd

সার্কুলার লেটার নং-বিকেবি/প্রকা/কৃপবি-৩২৭/২০২৩-২৪/৫৩০(১২৫০) তারিখঃ ০২.০৪.২০২৪ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কিম সংক্রান্ত নীতিমালায় (পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০২২ তারিখঃ ০৯/০১/২০২২) ঋণ প্রাপ্তির যোগ্যতা সংশোধন প্রসংগে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংক কর্তৃক জারিকৃত পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কিম সংক্রান্ত নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০২২, তারিখঃ ০৯.০১.২০২২ এবং এতদসংক্রান্ত সার্কুলার লেটার নং- ১৮৮৩(১২৫০) তারিখঃ ২৪.০৩.২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, এমপিওভুক্ত স্কুল ও কলেজসহ বাংলাদেশ কৃষি ব্যাংকের নবনিযুক্ত কর্মকর্তা/কর্মচারীগণকে চাকুরি জীবনের প্রারম্ভে জীবনযাত্রার মান উন্নয়ন এবং সাময়িক আর্থিক সংকট নিরসনের লক্ষ্যে বিগত ৩১.০৩.২০২৪ তারিখে অনুষ্ঠিত অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের ৮৫৩তম সভায় পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কিম সংক্রান্ত নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০২২ তারিখ ০৯-০১-২০২২ এর অন্যান্য অনুচ্ছেদ অপরিবর্তিত রেখে অনুচ্ছেদ নং-২ এর উপ-অনুচ্ছেদ নং-১ এ উল্লিখিত ঋণ প্রাপ্তির যোগ্যতার সংশোধনের প্রস্তাব নিম্নবর্ণিতভাবে অনুমোদিত হয়েছেঃ

| পার্সোনাল লোন সংক্রান্ত নীতিমালা | বিদ্যমান নীতিমালা | অনুমোদিত নীতিমালা |
|---|---|---|
| পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০২২ তারিখ ০৯-০১-২০২২ | **ক) অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্যান্য গ্রাহকদের জন্য প্রযোজ্যঃ**<br>উপ-অনুচ্ছেদ নং-(১)ঃ<br>সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, সরকারি এমপিওভুক্ত স্কুল ও কলেজের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণ যাদের চাকুরিকাল ন্যূনতম ২ (দুই) বছর সম্পন্ন হয়েছে তারা এ কর্মসূচির আওতায় ঋণের জন্য আবেদন করতে পারবেন। তবে চাকুরির মেয়াদকাল কমপক্ষে পিআরএলসহ ৫ (পাঁচ) বছর থাকতে হবে।<br>**খ) অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্যঃ**<br>উপ-অনুচ্ছেদ নং-(১)ঃ<br>অত্র ব্যাংকের স্থায়ী কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে যাদের চাকুরির মেয়াদ অন্তত ২ (দুই) বছর পূর্ণ হয়েছে তারা উক্ত ঋণ গ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন এবং ঋণের জন্য আবেদন করতে পারবেন। তবে চাকুরির মেয়াদকাল কমপক্ষে পিআরএলসহ ৩ (তিন) বছর থাকতে হবে, এক্ষেত্রে পরিপত্রের উপ-অনুচ্ছেদ-১৩(ঘ) যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে। | **ক) অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্যান্য গ্রাহকদের জন্য প্রযোজ্যঃ**<br>উপ-অনুচ্ছেদ নং-(১)ঃ<br>সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, সরকারি এমপিওভুক্ত স্কুল ও কলেজের কর্মকর্তা/কর্মচারীগণ যাদের চাকুরি স্থায়ীকরণ সম্পন্ন হয়েছে এবং বয়স ন্যূনতম ৩০ (ত্রিশ) বছর অতিক্রান্ত হয়েছে তারা এ কর্মসূচির আওতায় ঋণের জন্য আবেদন করতে পারবেন। তবে চাকুরির মেয়াদকাল কমপক্ষে পিআরএলসহ ০৫ (পাঁচ) বছর থাকতে হবে।<br>**খ) অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্যঃ**<br>উপ-অনুচ্ছেদ নং-(১)ঃ<br>অত্র ব্যাংকের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে যাদের চাকুরি স্থায়ীকরণ সম্পন্ন হয়েছে এবং বয়স ন্যূনতম ৩০ (ত্রিশ) বছর অতিক্রান্ত হয়েছে তারা উক্ত ঋণ গ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন এবং ঋণের জন্য আবেদন করতে পারবেন। তবে চাকুরির মেয়াদকাল কমপক্ষে পিআরএলসহ ০৩ (তিন) বছর থাকতে হবে, এক্ষেত্রে পরিপত্রের উপ-অনুচ্ছেদ-১৩(ঘ) যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে। |

চলমান পাতা-০২

বিষয় ঃ পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কিম সংক্রান্ত নীতিমালায় (পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০২২ তারিখঃ ০৯/০১/২০২২) ঋণ প্রাপ্তির যোগ্যতা সংশোধন প্রসংগে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত পরিপত্রের অনুচ্ছেদ নং-২ এর উপ-অনুচ্ছেদ নং-১ এ পর্ষদ কর্তৃক অনুমোদিত উপরোক্ত সিদ্ধান্ত প্রতিস্থাপিত/সংযোজিত হবে। ইতোপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত পরিপত্র ও সার্কুলার লেটারসমূহের অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মইনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

নং-বিকেবি/প্রকা/কৃপবি-৩২৭/২০২৩-২৪/৫৩০(১২৫০) তারিখঃ ০২.০৪.২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (**সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক